



হাসিনাকে ফেরত পাঠানোর জন্য ভারতের প্রতি আহ্বান জানাল পররাষ্ট্র মন্ত্রণালয়



সংগৃহীত ছবি

বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় ভারতের প্রতি অনুরোধ জানিয়েছে, পলাতক সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালকে দ্রুত দেশে ফেরত পাঠানো হোক। তারা মানবতাবিরোধী অপরাধের দায়ে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে মৃত্যুদণ্ডপ্রাপ্ত। বিবৃতিতে উল্লেখ করা হয়, জুলাই গণঅভ্যুত্থানের হত্যাকাণ্ডে অভিযুক্ত এই দুইজনকে ট্রাইব্যুনাল দোষী সাব্যস্ত করেছে। অন্য কোনো দেশ তাদের আশ্রয় দিলে তা ন্যায়বিচারের প্রতি অবমাননা এবং দেশের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্কের ক্ষতি হিসেবে গণ্য হবে। পররাষ্ট্র মন্ত্রণালয় আরও বলেছে, দুই দেশের মধ্যে বিদ্যমান প্রত্যর্পণ চুক্তি অনুযায়ী দণ্ডপ্রাপ্তদের বাংলাদেশে হস্তান্তর করা ভারতের দায়িত্ব। তাই সময় নষ্ট না করে তা বাস্তবায়নের জন্য ভারতকে আহ্বান জানানো হয়েছে।

LENS ASIA